## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

স্কুল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১১ই কার্ত্তিক বুধবার, ১৩৭১ ইং 28th Oct. 1964 { ২৪শ সংখ্যা





সকল ঘরের তরে...
# দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sarkar

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




# খাস জনতা

কেরোসিন কুকার

উন্নত কারিগরী ও নিপুণতা আমাদের।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১১ই কার্ত্তিক বুধবার সন ১৩৭১ সাল।

# হক কথাতে মানুষ রুষ্ট তাতে কিন্তু দেবতা তুষ্ট।

—•—

দেব-দেবীর স্তব ধ্যান কবচ পাঠ কালে তাঁহাদের স্বরূপ বর্ণনা করা হয় তাহাতে কোন শব্দ নিন্দনীয় সত্য হইলে তাহাতে তাঁহারা রুষ্ট, হন না এইজন্য বঙ্গীয় প্রবাদ বাক্যে আছে—

"হক কথাতে মানুষ রুষ্ট
তাতে কিন্তু দেবতা তুষ্ট।"

মা-দুর্গা তিনদিন বহু চণ্ডীমণ্ডপে ভক্তগণের পূজা গ্রহণ করিয়া স্বস্থানে গমন করিলেন। তাঁহাকে এই স্বল্প সময়ের মধ্যে কত যে অপ্রিয় শব্দ শুনে যেতে হলো তা বলবার নয়।

মা দুর্গা মহামায়া জগদম্বারূপে যাঁর চণ্ডীমণ্ডপে চণ্ডীমণ্ডপে শরৎকালে অর্চ্চনা হইয়া থাকে তিনি গিরিরাজ হিমালয় ও তৎপত্নী মেনকার গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন। ইনি ইহার পূর্ব্ব জন্মে প্রজাপতি দক্ষের গৃহে তাঁহার পত্নী প্রসূতির গর্ভে **সতী** নাম লইয়া সর্ব্ব কনিষ্ঠা কন্যারূপে জন্মগ্রহণ করেন। দক্ষ ইঁহার বিবাহ দেন শিবের সহিতে। দক্ষ মহাদেবের শ্বশুর হইলেও প্রণাম ইত্যাদি দ্বারা শ্বশুরের কখনও সম্মান করেন নাই। দক্ষ জামাতার এই ধৃষ্টতা দেখিয়া সর্ব্ব সম্মুখে জামাতার মর্য্যাদার হানি করিবার জন্য এক যজ্ঞের অনুষ্ঠান করেন। তাহাতে নারদকে নিমন্ত্রণের ভার দেন। নারদকে সাবধান করিয়া দিয়াছিলেন যেন শিবকে নিমন্ত্রণ না করা হয়। সতীকেও তাহার পিতা শিবকে বাদ দিবার জন্য সংবাদ দিতে নিষেধ করিয়াছিলেন।

নারদ মুনি কলহ লাগিলে খুব আনন্দিত হইতেন তিনি সব ব্যাপার সতীর গোচরে আনিলেন। কন্যা পিতৃগৃহে যাইতে সর্ব্বদাই ইচ্ছা করে। সতী অত্যন্ত কাতরভাবে বিনা নিমন্ত্রণেই যজ্ঞে যাইবে বলিয়া স্বামীর নিকট অনুমতি নিয়েছিলেন।

সতী পিত্রালয়ে যাইবার পর তাঁহার পিতা দক্ষ জামাতার নিন্দা করেন। সতী মানে "পতিব্রতা" ইহা সকলেই জানেন। পতিব্রতা শব্দের একটি সংস্কৃত শ্লোক আছে—

আর্ত্তার্ত্তে মোদিতে হৃষ্টা
প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়তে যা পত্যৌ
সা স্ত্রীজ্ঞেয়া পতিব্রতা॥

পতিপরায়ণা সতী পতির নিন্দা শুনিয়া দক্ষালয়ে দেহত্যাগ করিলেন।

মহাদেব এই সংবাদ পাইয়া সানুচরে যজ্ঞস্থলে উপস্থিত হইলেন। শিবের অনুচরগণ (ভূত প্রেতাদি) যজ্ঞ নষ্ট করিয়া দক্ষের (সতীর পিতার) মস্তক ছেদন করিয়া অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিলেন। অতঃপর সতীর মাতা (শিবের শাশুড়ী) প্রসূতির অনুরোধে দক্ষের জীবন দান করিলেন। দক্ষের মস্তক অগ্নিতে দগ্ধ হইয়া যাওয়ায় একটি ছাগমুণ্ড আনিয়া তাহা দক্ষের স্কন্ধে যোজনা করা হইল। শিবনিন্দার ফলে দক্ষ ছাগমুণ্ড হইলেন। দেখুন সকলে মা দুর্গার পূর্ব্ব জন্মের কার্য্য দক্ষযজ্ঞ নাশ তাঁর এজন্মেও ধ্যানে শোনাইতে দুর্গা-ভক্তগণ ত্রুটি করে না। মন্ত্রটি দেওয়া হইল—

দক্ষযজ্ঞ বিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনী-
কোটি-পরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ ওঁ হ্রীং
দুর্গায়ৈ নমঃ।

—

## চাউলের মুল্য উত্তরোত্তর বৃদ্ধি

রঘুনাথগঞ্জ ও মিঞাপুরের আড়তসমূহে চাউলের মূল্য হঠাৎ বৃদ্ধি পাইয়াছে। পুরাতন চাউল ১৲ টাকা কে, জি ও নূতন চাউল ৯১ পয়সা হইতে ৯৪ পয়সা কে, জি দরে বিক্রয় হইতেছে।

—

## শিক্ষক কর্মীর মর্ম্মান্তিক মৃত্যু

ছাপঘাটি উচ্চতর স্কুলের জনপ্রিয় শিক্ষক শঙ্করনারায়ণ বন্দ্যোপাধ্যায় গত ১২ই অক্টোবর কলিকাতা পি-জি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। শঙ্কর বাবু গত ৪ঠা অক্টোবর জঙ্গিপুরে মহার্ঘভাতা সংক্রান্ত সাম্প্রতিক শিক্ষক আন্দোলনের অন্তর্ভূক্ত গণ-অনশন দিবস উদ্‌যাপক সম্পর্কিত এক শিক্ষক সভা থেকে রাত্রি দশটার ট্রেণ হইতে ষ্টেশনে অবতরণ ক'রে রেললাইন বরাবর ছাপঘাটি স্কুল অভিমুখে ফিরছিলেন, সেই সময়ই ট্রেণের চাকায় দ্বিখণ্ডিত এক চন্দ্রবোড়া সাপ তাঁকে দংশন করে। ৫ই অক্টোবর তাঁকে বহরমপুর সদর হাসপাতালে ভর্ত্তি করা হয়। অতঃপর ৯ই অক্টোবর তাঁকে কলিকাতা পি-জি হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

—

লালগোলা এম, এন, একাডেমীর

## সুবর্ণ জয়ন্তী

গত ৪ঠা, ৫ই ও ৬ই অক্টোবর লালগোলা মহেশনারায়ণ বিদ্যামন্দিরের পঞ্চাশত্তমবর্ষ পূর্ত্তি উপলক্ষে সুবর্ণ জয়ন্তী উৎসব উদ্‌যাপিত হয়। ১ম দিন বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক শ্রীহরিচরণ চৌধুরী কর্ত্তৃক উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন ও ছাত্রদের আয়োজিত প্রদর্শনীর দ্বারোদ্‌ঘাটন সম্পন্ন হয় এবং সুবর্ণ জয়ন্তী সভায় অধ্যাপক রেজাউল করিম, জেলা স্কুলসমূহের পরিদর্শক মহাশয় প্রভৃতির ভাষণের পর সন্ধ্যায় সঙ্গীতানুষ্ঠান ও প্রাক্তন ছাত্রবৃন্দ কর্ত্তৃক "শাহজাহান" নাটক অভিনীত হয়। দ্বিতীয় দিনে প্রভাতে পুরস্কার বিতরণী সভায় পৌরোহিত্য করেন জেলা স্কুল পরিদর্শক এবং মনোজ্ঞ ভাষণ দেন অধ্যক্ষ ডাঃ রামচন্দ্র পাল। উৎসবে প্রতিদিন বিপুল জন সমাবেশ হয়।

—

## সরিষার তৈল

রঘুনাথগঞ্জ জঙ্গিপুর বাজারে সরকারী দরকে উপেক্ষা করিয়া ৫-২৫ হইতে ৬ টাকা কে, জি দরে সরিষার তৈল বিক্রয় হইতেছে।

—

## নৃশংস ভাবে শিশু হত্যা

### আসামীর যাবজ্জীবন কারাদণ্ড

মুর্শিদাবাদের দায়রা জজ শ্রীপরিমলচন্দ্র চন্দ এক শিশু হত্যার মামলায় সুতী থানার বসন্তপুর গ্রামের অচিন মণ্ডলকে (২৫) ভারতীয় দণ্ডবিধির ৩০২ ধারা মতে দোষী সাব্যস্ত করিয়া যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। আসামীকে ভারতীয় দণ্ডবিধির ৩২৪ ধারামতে দোষী সাব্যস্ত করিয়াও দায়রা জজ তাহাকে এক বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেন। উভয় দণ্ডাদেশ একসঙ্গে চলিবে। অভিযোগে প্রকাশ, অচিন মণ্ডলের গর্ভবতী স্ত্রী কুসুমের প্রসববেদনা উঠায় আসামীর শ্বশুর যোগেন্দ্র মণ্ডল ধাই ডাকিতে যায়। ঘটনার রাত্রে আসামীর শাশুড়ী তাহার ছেলে মেয়ে লইয়া একই ঘরে ঘুমাইতেছিল। হঠাৎ মধ্য রাত্রে আসামী অচিন মণ্ডল হাসুয়া হাতে শাশুড়ীর ঘরে প্রবেশ করিয়া সকলকে হাসুয়ার আঘাত করিতে থাকে এবং ফলে আসামীর তিন বৎসর বয়স্ক শালা কংগ্রেস মণ্ডল তৎক্ষণাৎ মারা যায় এবং তাহার শাশুড়ী ও অপর এক বালিকা জখম হয়। অচিন মণ্ডলকে এইভাবে হাসুয়ার আঘাত করিতে দেখিয়া তাহার স্ত্রী কুসুম চীৎকার করিয়া উঠে এবং আসামী সরিয়া পড়ে। পরে পুলিশ তাহাকে গ্রেপ্তার করে। দায়রা আদালতে বিচারকালে আসামী কি কারণে তাহার শিশু শালাকে খুন করিয়াছে তাহা বলা হয় নাই।

---

## গজগিরি ফেরীঘাটে জুলুম

রঘুনাথগঞ্জের অনতিদূরে গজগিরি ফেরীঘাটের ইজারদার খিদিরপুরের মডিফায়েড রেশন ডিলার মহম্মদ আজমল হক সাহেব। এই ঘাটে ৫ কে. জি চাউল বা অন্য কোন জিনিস লইয়া গেলে গরীব জনসাধারণের নিকট হইতে পীড়ন করিয়া জিনিসের পয়সা আদায় করা হইতেছে। উপরোক্ত বিষয়ে জঙ্গিপুরের মাননীয় মহকুমা শাসক ও মহকুমা ভূমি সংস্কার আধিকারিক মহাশয়দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করা হইতেছে।

---

## দশ নম্বর বেকুব

১। বেকুব নম্বর এক—
যিস্ কো দো জেনানা দেখ্।
২। বেকুব নম্বর দুই—
রাস্তা কিনার মে ভুঁই।
৩। বেকুব নম্বর তিন—
ঋণ করকে দেয় ঋণ।
৪। বেকুব নম্বর চার—
মোদীসে লেয় ধার।
৫। বেকুব নম্বর পাঁচ—
বর্ত্তন কিনে কাঁচ।
৬। বেকুব নম্বর ছয়—
ভায়ীসে জুদা হয়।
৭। বেকুব নম্বর সাত—
মায়ী কে না দেয় ভাত।
৮। বেকুব নম্বর আট—
ক্ষেতমে বুনে পাট।
৯। বেকুব নম্বর নয়—
ধরম কো নাহি ভয়।
১০। বেকুব নম্বর দশ—
আওরৎ কো যো বশ।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই নভেম্বর, ১৯৬৪

১৯৬৩ সালের ডিক্রীজারী

৩২ মনি ডিঃ চাম্পালাল সেরাওগী দেং রসিক মণ্ডল মৃতান্তে ওয়ারীশ স্বপন মণ্ডল দিং দাবি ২৩৪ টাকা ৯৭ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ১-৮৭ শতকের কাত ৫।৵৪ আঃ ৫০০৲ খঃ ২৪৪ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ২-৯৫ শতকের কাত ৮৻৯ পাই আঃ ৯০০৲ খঃ ২৪৫ ঐ স্বত্ব

১৯৬৪ সালের ডিক্রীজারী

৮ মনি ডিঃ বিষ্ণুপদ সাহা দেং শুকলাল মণ্ডল দিং দাবি ৩৫৯ টাকা ৭ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে ফ্রেজারনগর ৩-২৫ শতকের কাত ১৩৷৴৮ পাই আঃ ১২০০৲ হাল খঃ ৩৯ রায়ত স্থিতিবান স্বত্ব

---

## নিলামের নোটীশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের অবগতির জন্য জানান হইতেছে যে, আগামী ২৬-১১-৬৪ এবং ১১-১১-৬৪ তারিখে ধুলিয়ান ল্যাণ্ড রিফর্ম সার্কেলে, সামসেরগঞ্জ থানার অধীন প্রতাপগঞ্জ হাট ও রঘুনাথগঞ্জ ল্যাণ্ড রিফর্ম সার্কেলে, রঘুনাথগঞ্জ থানার অধীন রঘুনাথগঞ্জ তহবাজার (যাহা সরকারের ½ অংশ খাস) যথাক্রমে প্রকাশ্য ডাকে বাংলা সন ১৩৭২ সালের জন্য মেয়াদী ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। বন্দোবস্তের নিয়মাবলী সংশ্লিষ্ট জে, এল, আর, ও অফিসসমূহে; বি, ডি, ও অফিসসমূহে, ফৌজদারী ও দেওয়ানী আদালতে এবং সমস্ত অঞ্চল প্রধান অফিসগুলিতে ও থানা অফিসে দেখিতে পাওয়া যাইবে।

স্বাঃ/- সুশীলকুমার চট্টোপাধ্যায়
মহকুমা ভূমি সংস্কার আধিকারিক, জঙ্গিপুর।

---

## নিলামের নোটীশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের অবগতির জন্য জানান হইতেছে যে, রঘুনাথগঞ্জ, ধুলিয়ান ও সাগরদীঘি ল্যাণ্ড রিফর্মস সার্কেলের অধীন সমস্ত খেয়াঘাট ও খুটাগাড়ী সমূহ নিম্নবর্ণিত স্থানে ও তারিখে প্রকাশ্য ডাকে সন ১৩৭২ সালের জন্য মেয়াদী ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। ইজারার সর্তাবলী ও ঘাটের নামসমূহ সমস্ত সরকারী অফিসের নোটীশ বোর্ডে দেখিতে পাওয়া যাইবে।

রঘুনাথগঞ্জ সার্কেলের খেয়াঘাট সমূহ—

নিলামের স্থান—রঘুনাথগঞ্জ ল্যাণ্ড রিফর্মস সার্কেল অফিস বালিঘাটা।

তারিখ—১১-১১-৬৪ ও ১২-১১-৬৪

ধুলিয়ান সার্কেলের সামসেরগঞ্জ, ফরাক্কা ও সুতি থানার খেয়াঘাট ও খুটাগাড়ী সমূহ—

নিলামের স্থান—ধুলিয়ান ল্যাণ্ড রিফর্মস সার্কেল অফিস ধুলিয়ান।

তারিখ—২৬-১১-৬৪ হইতে ২৮-১১-৬৪

সাগরদীঘি থানার অধীন খেয়াঘাট সমূহ—

নিলামের স্থান—সাগরদীঘি ল্যাণ্ড রিফর্মস সার্কেল অফিস। তারিখ—২৪-১১-৬৪

স্বাঃ/- সুশীলকুমার চট্টোপাধ্যায়
মহকুমা ভূমি সংস্কার আধিকারিক, জঙ্গিপুর।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:-

## কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)